

প্রথম আলো

তারিখ · ১৬ · FEB · ২০১৩ ·
পৃষ্ঠা · ২ · কলাম · ২ ·

তিনটির বদলে দুটি পরীক্ষা
অর্ধবার্ষিক ৯ জুন
২১ নভেম্বর বার্ষিক

সিদ্ধান্ত প্রতিবেদক ●

দেশের সর্ব সরকারি-বেসরকারি
মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে
২০১৩ শিক্ষাবর্ষে তিনটির পরিবর্তে
দুটি পরীক্ষা অনুষ্ঠিত হবে। গতকাল
বুধবার এ বিষয়ে মন্ত্রণালয়ের আদেশ
জারি হয়েছে।

এই আদেশ অনুযায়ী দেশের সব
সরকারি-বেসরকারি মাধ্যমিক ও
নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে—২০১৩
শিক্ষাবর্ষে ৯ জুন থেকে ২২ জুন পর্যন্ত
অর্ধবার্ষিক ও প্রাকনির্বাচনী পরীক্ষা
অনুষ্ঠিত হবে। এর ফল প্রকাশিত
হবে ৭ জুলাই ২০১৩।

এ ছাড়া, ২১ অক্টোবর থেকে ৪
নভেম্বর পর্যন্ত চলবে দশম শ্রেণীর
নির্বাচনী পরীক্ষা এবং এর ফল
প্রকাশিত হবে ১০ নভেম্বর। ষষ্ঠ থেকে
নবম শ্রেণীর বার্ষিক পরীক্ষা হবে ২১
নভেম্বর থেকে ৪ ডিসেম্বর পর্যন্ত, ফল
প্রকাশিত হবে ১৫ ডিসেম্বর ২০১৩।